সংবাদ

তারিখ 13 APR 2008
পৃষ্ঠা ১২ কলাম ৪

# ছাত্রদলের দু'পক্ষে সংঘর্ষ : ঢাবিতে আহত ১

বিশ্ববিদ্যালয় বার্তা পরিবেশক

আধিপত্য বিস্তারকে কেন্দ্র করে গতকাল ঢাবিতে ছাত্রদলের দু'পক্ষের সংঘর্ষে ১ জন আহত হয়েছে। গতকাল মধুর ক্যান্টিনে এ ঘটনা ঘটে। আহত ছাত্রের নাম ফজলে রাব্বী টিটু। বর্তমানে সে ঢাকা মেডিকেল হাসপাতালে চিকিৎসাধীন রয়েছে।

প্রত্যক্ষদর্শীরা জানায়, গতকাল সকাল ১১টার দিকে ছাত্রদলের সংস্কারপন্থিরা আড্ডা মারছিল। এ সময় সূর্যসেন হলের তরিকুল ইসলাম সিগারেট ধরায়। এতে ফজলে রাব্বী টিটুসহ আরও কয়েকজন ক্ষিপ্ত হয়ে ওঠে। কিছুক্ষণ পর তরিকুল ইসলাম, এফ রহমান হলের আরাফাত ইসলামসহ আরও কয়েকজন টিটুকে মধুর ক্যান্টিনের রান্না ঘরে ধরে নিয়ে যায়। সেখানে বটি দিয়ে টিটুর ওপর হামলা চালায় তারা। পরে ছাত্ররা তাকে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে নিয়ে যায়। বর্তমানে সে ৩১নং ওয়ার্ডে চিকিৎসাধীন রয়েছে।

ফজলে রাব্বী টিটু জানায়, সংস্কারপন্থিদের মূল হোতা সাঈদ ইকবাল মাহমুদ টিটুর অনুসারীরা তার নির্দেশে হামলা চালিয়েছে। তবে একথা অস্বীকার করেছেন সাঈদ ইকবাল মাহমুদ টিটু। তিনি বলেন, এর সঙ্গে তার কোন সংশ্লিষ্টতা নেই।